

হামদর্দ বিশ্ববিদ্যালয়ের চতুর্থ প্রতিষ্ঠা দিবস

হামদর্দ বিশ্ববিদ্যালয় বাংলাদেশের চতুর্থ প্রতিষ্ঠা দিবস উপলক্ষে গত শনিবার এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত ডিসি ও ট্রেজারার রফিকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন হামদর্দ বিশ্ববিদ্যালয় বাংলাদেশের বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান জাতীয় অধ্যাপক ডা. এম আর খান। শুভেচ্ছা বক্তব্য রাখেন হামদর্দ বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার লুৎফর রহমান।

বিশেষ অতিথি ছিলেন— বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা ও হামদর্দ ল্যাবরেটরীজ (ওয়াকফ) বাংলাদেশের ব্যবস্থাপনা পরিচালক ড. হাকিম মো. ইউছুফ হারুন ভূঁইয়া। হামদর্দ বিশ্ববিদ্যালয় বাংলাদেশের বোর্ড অব ট্রাস্টিজের সদস্য ও হামদর্দের সিনিয়র পরিচালক নাজেউদ্দিন হ. হাকিম রফিকুল ইসলাম, হামদর্দ বিশ্ববিদ্যালয় বাংলাদেশের বোর্ড অব ট্রাস্টিজের সদস্য ও হামদর্দের পরিচালক প্রশাসন অধ্যাপক হাকিম শিরী ফরহাদ, হামদর্দ বিশ্ববিদ্যালয় বাংলাদেশের বোর্ড অব ট্রাস্টিজের সদস্য ও হামদর্দ ফাউন্ডেশনের পরিচালক লে. কর্নেল (অব.) নাহদুদুল আলম চৌধুরী, হামদর্দ বিশ্ববিদ্যালয় বাংলাদেশ বোর্ড অব ট্রাস্টিজের সদস্য ও হামদর্দের পরিচালক পরিকল্পনা ও উন্নয়ন জামাল উদ্দিন রাসেল প্রমুখ। — প্রেস বিজ্ঞপ্তি